



রাজনৈতিক ঐকমত্য না এলে গণভোটে উদ্যোগ নেবে সরকার: প্রেস সচিব



সংগৃহীত ছবি

মতপার্থক্য থাকলেও সরকার দ্রুতই সিদ্ধান্ত নেবে বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। তিনি বলেন, “দ্বিমত থাকবেই, তবে শেষ পর্যন্ত আমাদের সিদ্ধান্তে পৌঁছাতে হবে। রাজনৈতিক দলগুলো ঐকমত্যে না এলে সরকার নিজেই উদ্যোগ নেবে, যেন নির্বাচন ঘিরে কোনো অনিশ্চয়তা না থাকে।”

শনিবার (৮ নভেম্বর) রাজধানীর একটি হোটেলে আয়োজিত ‘ট্রেস কনসাল্টিং’ সংলাপে তিনি এসব কথা বলেন।

তিনি আরও জানান, জুলাই চার্টারে গুরুত্বপূর্ণ সব বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে, যেখানে রাজনৈতিক দলগুলো সুচিন্তিত মতামত দিয়েছে। “মোট চার হাজার পৃষ্ঠা নথিভুক্ত করা হয়েছে এবং সব আলোচনার ভিডিও রেকর্ডও সংরক্ষিত আছে। প্রয়োজনে নির্বাচনের পরও এই সংলাপ পুনরায় শুরু হতে পারে,” যোগ করেন তিনি।

প্রেস সচিব বলেন, “দেশজুড়ে নির্বাচনের আমেজ তৈরি হয়েছে। সরকার প্রতিশ্রুতিবদ্ধ ফেব্রুয়ারির প্রথমার্ধেই একটি সুষ্ঠু ও সুন্দর নির্বাচন আয়োজন করতে।”